

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

সংশোধিত বিজ্ঞপ্তি

তারিখ : ০৬/০৩/২০২২ খ্রি:

সকল শিক্ষক-কর্মচারীদের জানানো যাচ্ছে যে, আন্তীকরণ বিধিমালা ২০১৮ অনুযায়ী লালমাটিয়া মহিলা কলেজ সরকারিকরণের তারিখ থেকে অর্থাৎ ৩০/১২/২০২১ খ্রি. তারিখ থেকে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীগণ সরকার কর্তৃক নির্ধারিত ও নিজ নিজ সম্মতি স্বাক্ষরযুক্ত পদে আন্তীকৃত হবেন এবং ঐ তারিখ থেকে উক্ত নির্ধারিত পদে বকেয়া বেতন-ভাতা প্রাপ্য হবেন। কিন্তু আন্তীকরণ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক প্রাপ্য বেতন-ভাতার বিপরীতে কলেজ থেকে অগ্রিম নিতে পারবেন। যা পরবর্তীতে তিনি আইনগতভাবে সরকারি তহবিলে ফেরত প্রদানে বাধ্য থাকবেন। এ লক্ষ্যে বিগত ০৫/০২/২০২২ খ্রি. তারিখে অঙ্গীকারনামা প্রদানের জন্য নোটিশ করা হলে বর্তমানে কর্মরত ১১৮ জন শিক্ষকের মধ্যে ৯১ জন শিক্ষক এবং ৮৯ জন কর্মচারীদের সকলেই অঙ্গীকারনামা প্রদান করে বেতন-ভাতা গ্রহণ করেন। কিন্তু ২৭ জন শিক্ষক অঙ্গীকারনামা প্রদান করেননি। বরং কলেজ কর্তৃপক্ষসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নোটিশের আদলে পত্র দিয়েছেন। যেহেতু তাঁরা কলেজ কর্তৃপক্ষের বৈধ নির্দেশনা অমান্য করে বিপরীতমুখী অবস্থানে রয়েছেন। তাই তাঁদের নিজ নিজ সন্তুষ্টির জন্য নিজ নিজ শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও কলেজ থেকে সরবরাহকৃত ব্যক্তিগত নথি নিয়ে আগামী ০৮/০৩/২০২২ খ্রি. তারিখ সকাল ১০:০০ টায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের চাহিত তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো। অন্য সকল শিক্ষক-কর্মচারীগণ পূর্বের নোটিশ মোতাবেক জনাব মোঃ রশিদুল হক, সম্পাদক, শিক্ষক পরিষদ এর নিকট নিজ নিজ কাগজপত্র বুঝিয়ে দিবেন এবং পরে তাঁর কাছ থেকে বুঝে নিবেন।

  
অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭